

পড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়

ঢাকা শিক্ষা বোর্ড ২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময় বাড়িয়েছে। যারা নির্ধারিত সময়ে রেজিস্ট্রেশন করতে পারেনি, তারা আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত সুযোগ পাবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত এক নোটিশে এ তথ্য জানানো হয়েছে।

নোটিশে জানানো হয়, বোর্ডের অধীনে অনুমোদিত ও স্বীকৃত সব প্রতিষ্ঠানের নবম শ্রেণির শিক্ষার্থীরা ২ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বরের মধ্যে রেজিস্ট্রেশন করতে পারবে। এ সময়ের পর আর কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা যাবে না। নির্দিষ্ট সময়ে রেজিস্ট্রেশন না হলে এর দায় প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে। অন্য বোর্ড থেকে টিসি নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীরাও এ সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করতে পারবে।